অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের স্কুলে স্মার্টফোনের ব্যবহারের মোকাবেলা করা সম্পর্কে স্টেটব্যাপী শ্রবণ সফর শুরু করলেন

শিক্ষক, পিতামাতা এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে চলমান আলোচনা আগামী কিছু মাস ধরে চলবে

কমবয়সীদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতায় গভর্নরের নেতৃত্বকে অব্যাহত রাখে, যার মধ্যে রয়েছে আসক্তি উদ্রেককারী সোশ্যাল মিডিয়া ফিডের মোকাবেলায় দেশের প্রথম আইন, স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক সম্প্রসারণ করা এবং "অফলাইনে যাও, বাইরে যাও" ক্যাম্পেইন শুরু করা

গভর্নর ক্যাথি ধকল আজকে স্কুলে স্মার্টফোন ব্যবহারের উপর কেন্দ্রীভূত স্টেটব্যাপী একটি শ্রবণ সফরের সূচনা করলেন। এই শ্রবণ সফরে থাকবে আগামী কিছু মাস ধরে মুখ্য স্টেকহোল্ডারদের সাথে গোলটেবিল বৈঠক। গভর্নর গুরুত্ব দিয়েছেন যাতে স্কুলে স্মার্টফোন সম্পর্কিত স্টেটব্যাপী যেই নীতিমালার প্রস্তাবনাটি তিনি তৈরির করছেন সেখানে স্টেকহোল্ডারদের জড়িতকরণ একটি মুখ্য ভূমিকা পালন করে, এটি এই বছরের শেষের দিকে ঘোষণা করা হবে।

"আমাদের কমবয়সী শিক্ষার্থীরা শ্রেণীকক্ষে শিখছে ও বিকাশ লাভ করছে, ক্লিক এবং স্ক্রল করছে না, তা নিশ্চিত করার মাধ্যমে আমরা তাদের সফল হতে সাহায্য করতে পারি," **গভর্নর হোকল বলেন।** "সেজন্য আমাদের শিশুদের মানসিক স্বাস্থ্য সুরক্ষিত রাখতে সাহায্য করবে এবং আমাদের স্কুলের জন্য সেরা ফলাফল প্রদান করবে এমন স্মার্টফোন সম্পর্কিত কার্যকর সমাধান তৈরি করতে আমি পুরো স্টেটের সকল স্টেকহোল্ডারদের সাথে কাজ করছি।"

আজকের প্রথম গোলটেবিল বৈঠকের আয়োজন করা হয়ে ক্যাপিটাল রিজিয়নের গিল্ডারল্যান্ড হাই স্কুলে (Guilderland High School) এবং এখানে একাধিক ভিন্ন স্কুলের প্রশাসক ও শিক্ষক অন্তর্ভুক্ত ছিলেন। আগামী কয়েক মাসে শিক্ষক, পিতামাতা, শিক্ষার্থী ও অ্যাডভোকেটদের ব্যাপক ব্যাপ্তিকে নিয়ে স্টেটব্যাপী আরো গোলটেবিল বৈঠক আয়োজন করা হবে।

জুন মাসে প্রকাশিত একটি পিউ গবেষণা ভোট অনুযায়ী, দেশব্যাপী 72 শতাংশ হাই স্কুল শিক্ষক মনে করে যে সেল ফোন দ্বারা শিক্ষার্থীদের মনোযোগ বিঘ্নিত হওয়া তাদের শ্রেণীকক্ষের একটি প্রধান সমস্যা। এই সমস্যার সমাধান করা এবং শিক্ষার্থী, পরিবার, এবং শিক্ষকদের জন্য আরো ইতিবাচক ফলাফলের প্রতি তার প্রতিশ্রুতির অংশ হিসেবে গভর্নর হোকল এই বসন্তকালে বিবৃতি

দিয়েছেন যে স্কুলে স্মার্টফোনের অত্যধিক ব্যবহারের মোকাবেলা করার জন্য একটি স্টেটব্যাপী নীতিমালার প্রস্তাবনা পেশ করার ব্যাপারে তার পরিকল্পনা রয়েছে।

গভর্নর হোকল এছাড়াও তুলে ধরেন যে পুরো স্টেটের বহু স্কুলে, যার মধ্যে কিছু আজকের গোলটেবিলে প্রতিনিধিত্ব করেছে, বর্তমানে নিজেদের শ্রেণীকক্ষে সেল ফোনের ব্যবহারের মোকাবেলা করার জন্য স্বতন্ত্র নীতিমালা রয়েছে। বর্তমানের জোড়াতালি দেওয়া স্বতন্ত্র স্কুল নীতিমালার ভিত্তিতে স্টেটব্যাপী বিভিন্ন স্কুল ও স্টেকহোল্ডারগণের সাফল্য ও কাঠিন্যের ব্যাপারে বিস্তারিত দৃষ্টিভঙ্গি সংগ্রহ করার ব্যাপারে গভর্নর মনোযোগ দিচ্ছেন।

আজকের গোলটেবিল বৈঠকের অংশগ্রহণকারী:

- ডাঃ ম্যারি ওয়াইলস, সুপারিন্টেনডেন্ট অফ স্কুলস, গিল্ডারল্যান্ড সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট
- জোসেফ হোকরাইটার, সুপারিন্টেনডেন্ট অফ স্কুলস, অ্যালবানির সিটি স্কুল ডিস্ট্রিক্ট
- ডেভিড ব্ল্যানচার্ড, সুপারিন্টেনডেন্ট অফ স্কুলস, স্কোহারি সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট
- এরিন ম্যাকনামরা, গ্রেড 11 এর শিক্ষক, গিল্ডারল্যান্ড হাই স্কুল
- মলি স্ট্যামেল, গ্রেড 9 এবং 10 এর শিক্ষক, শেনেনডেহোয়া হাই স্কুল
- মেলিন্ডা পার্সন, প্রেসিডেন্ট, NYSUT

শ্রবণ সফরটি হলো কমবয়সীদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতায় গভর্নরের নেতৃত্বের অনুবর্তী, যার মধ্যে রয়েছে আসক্তি উদ্রেককারী সোশ্যাল মিডিয়া ফিডের মোকাবেলায় দেশের প্রথম আইন স্বাক্ষর; স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক এবং অন্যান্য সংস্থান সম্প্রসারণ করা; এবং "অফলাইনে যাও, বাইরে যাও" ক্যাম্পেইন শুরু করা যা এই গ্রীষ্মকালে শিশু ও পরিবারকে তাদের ফোন রেখে দিয়ে, সোশ্যাল মিডিয়া থেকেই একটি বিরতি নিয়ে ঘরের বাইরের কর্মকাণ্ড উপভোগ করতে উৎসাহিত করবে।

আগামী কয়েক মাস ধরে শিক্ষক, পিতামাতা, শিক্ষার্থী এবং অন্যান্য অ্যাডভোকেটদের সাথে আরো গোলটেবিল আলোচনার আয়োজন করা হবে।

কমবয়সীদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতায় গভর্নরের নেতৃত্বকে অব্যাহত রাখে, যার মধ্যে রয়েছে আসক্তি উদ্রেককারী সোশ্যাল মিডিয়া ফিডের মোকাবেলায় দেশের প্রথম আইন স্বাক্ষর; স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক এবং অন্যান্য সংস্থান সম্প্রসারণ করা; এবং "অফলাইনে যাও, বাইরে যাও" ক্যাম্পেইন শুরু করা যা এই গ্রীষ্মকালে শিশু ও পরিবারকে তাদের ফোন রেখে দিয়ে, সোশ্যাল মিডিয়া থেকেই একটি বিরতি নিয়ে ঘরের বাইরের কর্মকাণ্ড উপভোগ করতে উৎসাহিত করবে।

স্কুলে সেল ফোন যেই সমস্যার সৃষ্টি করে তার উপর আরো বেশি আলোকপাত করে শেখার ক্ষতির চলমান সমস্যা, যা বিশেষ করে মহামারী পরবর্তী যুগে দেখা যাচ্ছে। গভর্নর হোকলের এইসব প্রয়াস হলো শিক্ষায় আমাদের শিক্ষার্থীদের সম্পূর্ণ মনোযোগ নিশ্চিত করার জন্য পরবর্তী ধাপ।

শিশুদের সোশ্যাল মিডিয়াতে সুরক্ষিত রাখতে দেশসেরা আইন

জুন মাসে গভর্নর হোকল বিধিমালার দুইটি মুখ্য অংশে স্বাক্ষর করেন যা নিউ ইয়র্কের কমবয়সী মানুষের জন্য আরো নিরাপদ একটি ডিজিটাল পরিবেশ তৈরি করবে।

শিশুদের জন্য আসক্তি উদ্রেককারী ফিড শোষণ (Stop Addictive Feeds Exploitation, SAFE) আইনটি সোশ্যাল মিডিয়া কোম্পানিসমূহের জন্য তাদের প্ল্যাটফর্মে 18 বছরের কম বয়সী ব্যবহারকারীর জন্য আসক্তি উদ্রেককারী ফিড সীমিত করা আবশ্যিক করবে। পিতামাতা সম্মতি না করে থাকলে, 18 বছরের কমবয়সী কোনো ব্যবহারকারী আসক্তি উদ্রেককারী ফিড দেখবে না। উল্লেখযোগ্যভাবে, শিশুদের জন্য SAFE আইনটি হলো পুরো দেশের যেকোনো স্টেটে স্বাক্ষর হওয়া এই ধরনের প্রথম আইন।

নিউ ইয়র্ক চাইল্ড ডেটা সুরক্ষা আইনটি (New York Child Data Protection Act) অনলাইন সাইটসমূহের জন্য 18 বছরের কম বয়সী কারো ব্যক্তিগত ডেটা সংগ্রহ, ব্যবহার, আদানপ্রদান বা বিক্রি করা নিষিদ্ধ করবে, যদি না তারা অবগত সম্মতি লাভ করে বা ওয়েবসাইটের উদ্দেশ্যের জন্য এটি করা একান্ত প্রয়োজনীয় হয়।

কমবয়সীদের মানসিক স্বাস্থ্যে স্টেটব্যাপী বিনিয়োগ

এছাড়াও, স্টেটব্যাপী মানসিক স্বাস্থ্যে তার 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অংশ হিসেবে গভর্নর হোকল কমবয়সী ও তাদের পরিবারের জন্য মানসিক স্বাস্থ্যসেবা ও সংস্থান পাওয়ার সুযোগ উল্লেখযোগ্যভাবে সম্প্রসারিত করেছেন। অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে অতিরিক্ত বিনিয়োগ নিশ্চিত করার মাধ্যমে কমবয়সীদের সমর্থন ও সেবা প্রদানের উপর এই মনোযোগ গভর্নর অব্যাহত রেখেছেন।

পুরো স্টেটে শিশুদের জন্য মানসিক স্বাস্থ্য সমর্থন সম্প্রসারিত করতে এবং তাদের কথা যাতে শোনা ওই তা নিশ্চিত করতে গভর্নর হোকল তার প্রণীত বাজেটে পদক্ষেপ গ্রহণ করেছেন, জানুয়ারি মাসে তার স্টেট অফ দ্য স্টেট ভাষণে উন্মোচিত এজেন্ডাকে পূরণ করেছেন। স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিকের জন্য গভর্নর 20 মিলিয়ন মার্কিন ডলারের স্টার্টআপ তহবিল ঘোষণা করেছেন এবং একটি আবর্তিত আবেদন শুরু করেছেন, যার ফলে আগ্রহী স্কুলগুলির জন্য এইসব স্যাটেলাইট স্থাপন করা সহজতর হবে। ঘোষণাটি হলো 82টি উচ্চ চাহিদার স্কুলসহ 137টি নতুন স্কুলভিত্তিক ক্লিনিককে সমর্থন করার জন্য নভেম্বর মাসে প্রদত্ত 5.1 মিলিয়ন মার্কিন ডলারের অনুবর্তী, যার ফলে স্টেটব্যাপী মোট ক্লিনিকের সংখ্যা 1,200 এর বেশি হবে।

এছাড়াও গভর্নরের অর্থবছর 2025 এর প্রণীত বাজেট স্কুলের পরিবেশের বাইরে কমবয়সীদের গুরুত্বপূর্ণ সেবা প্রদানের জন্য 19 মিলিয়ন মার্কিন ডলারের বেশি একটি বিনিয়োগ রয়েছে, যেখানে নিজেদের সম্প্রদায়ে, বা প্রয়োজন হলে আবাসিক কেয়ারে চিকিৎসা গ্রহণকারী কমবয়সীদের জন্য সংস্থান বৃদ্ধি করা হয়েছে। আবাসিক বা ইনপেশেন্ট সাইকিয়াট্রিক চিকিৎসায় প্রবেশ করার ঝুঁকিতে থাকা কমবয়সীদের র‍্যাপঅ্যারাউন্ড সেবা ও সমর্থন প্রদানকারী ইয়ুথ অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট (Youth Assertive Community Treatment) দলের মতো মুখ্য

উদ্যোগকে 9.6 মিলিয়ন মার্কিন ডলার দ্বারা সম্প্রসারিত করা হয়েছে যাতে তারা যখনই সম্ভব বাড়িতে ও সম্প্রদায়ের ভেতরে সেবাদান অব্যাহত রাখতে পারে। পাশাপাশি, বিশেষ করে শিশু এবং পরিবারকে সেবা প্রদানকারী লাইসেন্সপ্রাপ্ত মানসিক স্বাস্থ্য ক্লিনিশিয়ানদের জন্য ঋণ মওকুফ কর্মসূচির সমর্থন করতে গভর্নর অতিরিক্ত 4 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছেন।

"অফলাইনে যাও, বাইরে যাও" এর জন্য কমবয়সী মানুষকে সাহায্য করা

এই গ্রীষ্মকালে গভর্নর হোকল "অফলাইনে যাও, বাইরে যাও" ক্যাম্পেইন শুরু করেছেন, যা নিউ ইয়র্কের শিশু ও পরিবারকে তাদের ফোন ও কম্পিউটার রেখে দিতে, সোশ্যাল মিডিয়া থেকে একটি বিরতি নিতে, এবং বিনোদন ও ঘরের বাইরের সামাজিক জমায়েতে উপভোগ করতে সাহায্য করার মাধ্যমে শারীরিক ও মানসিক স্বাস্থ্যের প্রসার করবে। নিউ ইয়র্ক স্টেট পার্কসে (New York State Parks) পুল ফি মওকুফ, ঘরের বাইরের কর্মকাণ্ডের সুযোগ বৃদ্ধি এবং অন্যান্য ঘোষণার পাশাপাশি, এই ক্যাম্পেইনটি ইতিমধ্যে এই গ্রীষ্মকালে স্টেট পার্কসমূহের উপস্থিতি ব্যাপকভাবে বৃদ্ধি করতে সাহায্য করেছে। সাম্প্রতিক 4 জুলাই সপ্তাহান্তে স্টেট পার্কের দর্শক উপস্থিতি ছিলো স্টেটব্যাপী 2.8 মিলিয়ন, যা গত বছরের একই সময়কালের তুলনায় 30 শতাংশ বেশি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন